

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
জেলা পরিষদ অধিশাখা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)

পিপিআর, ২০০৮ এর বিধি অনুযায়ী ৬১টি জেলা পরিষদের জন্য বিভিন্ন কমিটি গঠনের লক্ষ্যে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

সভাপতি	:	সৌরেন্দ্র নাথ চক্রবর্তী অতিরিক্ত সচিব (প্রশাসন) স্থানীয় সরকার বিভাগ।
সভার তারিখ	:	১০ ডিসেম্বর ২০১৫।
সময়	:	বেলা ৩.০০ ঘটিকা।
স্থান	:	স্থানীয় সরকার বিভাগের সম্মেলন কক্ষ।
সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা	:	পরিশিষ্ট-“ক”

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানান। সভার আলোচ্যসূচি অনুযায়ী নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

উপসচিব, জেলা পরিষদ, অধিশাখা সভাকে অবহিত করেন যে, পিপিআর, ২০০৮ এর বিধি অনুযায়ী প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, ঢাকা কার্য/পন্য ক্রয়ের লক্ষ্যে দরপত্র উন্মুক্তকরণ ও দরপত্র মূল্যায়ন সংক্রান্ত ৫টি কমিটি গঠনের প্রস্তাব প্রেরণ করেন। পিপিআর, ২০০৮ অনুযায়ী এ কমিটিসমূহ সকল জেলা পরিষদের জন্য গঠন করা প্রয়োজন বিধায় প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, ঢাকা এর প্রেরিত প্রস্তাব অধিকতর যাচাই-বাছাইয়ের জন্য সভা আহ্বান করা হয়েছে। আলোচ্য কমিটি গঠনের বিষয়ে পিপিআর, ২০০৮ এবং বিধি পর্যালোচনা করা হয়। সার্বিক পর্যালোচনান্তে জেলা পরিষদের কার্য/পন্য/সেবা ক্রয়ের লক্ষ্যে পিপিআর, ২০০৮ অনুযায়ী নিম্নরূপ কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয় :

১। দরপত্র উন্মুক্তকরণ কমিটি (কার্য/পন্য) :

১.	সিনিয়র সহকারী প্রকৌশলী/সহকারী প্রকৌশলী (সংশ্লিষ্ট জেলা পরিষদ)	চেয়ারপারসন
২.	এলজিইডি'র একজন উপযুক্ত প্রতিনিধি (সহকারী প্রকৌশলীর নীচে নয়)	সদস্য
৩.	উপসহকারী প্রকৌশলী, (সংশ্লিষ্ট জেলা পরিষদ)	সদস্য সচিব

২। প্রস্তাব উন্মুক্তকরণ কমিটি (সেবা) :

১.	সিনিয়র সহকারী প্রকৌশলী/সহকারী প্রকৌশলী (সংশ্লিষ্ট জেলা পরিষদ)	চেয়ারপারসন
২.	প্রশাসনিক কর্মকর্তা (জেলা প্রশাসকের কার্যালয়)	সদস্য
৩.	উপসহকারী প্রকৌশলী (সংশ্লিষ্ট জেলা পরিষদ)	সদস্য সচিব

৩। দরপত্র মূল্যায়ন কমিটি (পন্য/কার্য) :

১.	সচিব (সংশ্লিষ্ট জেলা পরিষদ)	চেয়ারপারসন
২.	জেলা প্রশাসক এর প্রতিনিধি	সদস্য
৩.	এলজিইডি'র একজন প্রতিনিধি (সহকারী প্রকৌশলীর নীচে নয়)	সদস্য
৪.	জেলা শিক্ষা অফিসার	সদস্য
৫.	শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের প্রতিনিধি (সহকারী প্রকৌশলীর নীচে নয়)	সদস্য
৬.	উপপরিচালক, সমাজসেবা অধিদপ্তর	সদস্য
৭.	সিনিয়র সহকারী প্রকৌশলী/সহকারী প্রকৌশলী, (সংশ্লিষ্ট জেলা পরিষদ)	সদস্য সচিব

৪। প্রস্তাব মূল্যায়ন কমিটি (সেবা) :

১.	সচিব (সংশ্লিষ্ট জেলা পরিষদ)	চেয়ারপারসন
২.	জেলা প্রশাসক এর প্রতিনিধি	সদস্য
৩.	এলজিইডি'র একজন প্রতিনিধি (সহকারী প্রকৌশলীর নীচে নয়)	সদস্য
৪.	জেলা শিক্ষা অফিসার	সদস্য
৫.	শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের একজন প্রতিনিধি (সহকারী প্রকৌশলীর নীচে নয়)	সদস্য
৬.	সড়ক ও জনপথ অধিদপ্তরের একজন প্রতিনিধি	সদস্য
৭.	সিনিয়র সহকারী প্রকৌশলী/সহকারী প্রকৌশলী, (সংশ্লিষ্ট জেলা পরিষদ)	সদস্য সচিব

৫। কমিটি পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ অনুযায়ী কর্ম সম্পাদন করবেন। যে সকল জেলা পরিষদে সচিব কর্মরত নেই সে সকল জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তাগণ কমিটির চেয়ারপারসনের দায়িত্ব পালন করবেন। জেলা পরিষদ উন্নয়ন সমন্বয় কমিটি ৫০.০০ লক্ষ (পঞ্চাশ লক্ষ) টাকা পর্যন্ত কার্য/পন্য এবং ২৫.০০ লক্ষ (পঁচিশ লক্ষ) টাকা পর্যন্ত সেবা চুক্তি অনুমোদন করতে পারবে।

পরিশেষে সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-


তারিখঃ ৩০/১২/২০১৫  
(সৌরেন্দ্র নাথ চক্রবর্তী)  
অতিরিক্ত সচিব (প্রশাসন)  
স্থানীয় সরকার বিভাগ

নং-৪৬.৪২.০০০০.০০০.০৬.০০৩.১৫.৭৮

তারিখ : ৭/১/২০১৬

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

- ০১। যুগ্মসচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, ঢাকা/গাজীপুর/নারায়নগঞ্জ।
- ০৩। জনাব পিকে চৌধুরী, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (টেকনিক্যাল সাপোর্ট), এলজিইডি, আগারগাঁও, ঢাকা।
- ০৪। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

  
০৭/০১/১৬  
(জুবাইদা মাসরীন)  
উপসচিব

ফোনঃ ৯৫৭৫৫৬৮

Email-igzp@lgd.gov.bd